

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



তারিখ: ১৫/০৮/১৪২৬ বঙ্গাব্দ
৩০/০৭/২০১৯ খ্রিস্টাব্দ

স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৫৮.১৯/২২২৫/৬

বিষয়: কারণ দর্শানো।

- সূত্র: ১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭০.০৮.০০৪.২০১৭-৩০৩, তারিখ: ৩১/৭/২০১৭খ্রি।
২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০০৩.২০১০-১৬২, তারিখ: ১৮/৬/২০১৯খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার সদর উপজেলাধীন শহীদ জিয়াউর রহমান ডিগ্রী কলেজের অধ্যক্ষ জনাব এ কে এম তফি কুল ইসলামের অবৈধ নিয়োগ ও দুর্নীতির বিষয়ে কলেজটির উপাধ্যক্ষ জনাব মো: সুরঞ্জামান কর্তৃক অভিযোগ তদন্তপূর্বক প্রয়োজনীয় গ্রহণের জন্য মন্ত্রণালয় সূত্রোক্ত পত্র-১ প্রেরণ করেন।

তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, জনাব এস এম আবদুল্লাহ আল ফুয়াদ, প্রভাষক(অর্থনীতি) অভিযোগকারী উপাধ্যক্ষ জনাব মো: সুরঞ্জামান এর পক্ষের গ্রুপের একজন সক্রিয় সদস্য। তিনি তদন্ত কর্মকর্তার উপস্থিতিতে শিক্ষক প্রতিনিধিদের সাথে খারাপ আচরণ করেন। অধ্যক্ষ তাকে থামাতে গেলে তিনি তাঁর সাথেও খারাপ আচরণ করেন। তদন্ত কর্মকর্তাও তাকে থামাতে চেষ্টা করলেও তিনি কথা শোনেন নি এবং অশোভন আচরণ করেন। এই ঘটনার প্রেক্ষিতে অধ্যক্ষ বর্ণিত শিক্ষককে শো-কজ করলেও তিনি জবাব দেননি। জনাব এস এম আবদুল্লাহ আল ফুয়াদ এর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার সুপারিশ করা হয়।

এমতাবস্থায়, জনবল কাঠামোর ১৮(১)(খ) ধারা অনুযায়ী আপনার এমপিও কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না তার কারণ দর্শানোর জবাব আগামী ৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ না করলে আপনার কোন মতামত নেই বলে বিবেচিত হবে।

৩০.০৭.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: ncollege@dshe.gov.bd

এস এম আবদুল্লাহ আল ফুয়াদ,

প্রভাষক(অর্থনীতি)

শহীদ জিয়াউর রহমান ডিগ্রী কলেজ

সদর, জামালপুর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, শহীদ জিয়াউর রহমান ডিগ্রী কলেজ, সদর, জামালপুর।
- ৩। জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
- ৪। অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান ডিগ্রী কলেজ, সদর, জামালপুর।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, জামালপুর।
- ৬। সংরক্ষণ নথি।